**ফরম -৭**

[ বিধি ৬ (৭) দ্রষ্টব্য]

মাদকদ্রব্য খুচরা বিক্রয়ের লাইসেন্স ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১১ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬ এর বিধান অনুসারে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা ------------------------------------------------------- নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার ------------------- তারিখের -------------- আবেদনের প্রেক্ষিতে মাদকদ্রব্য ক্রয় ও খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স প্রদান করিলঃ

১। লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নামঃ ------------------------------------------------------------

২। প্রতিষ্ঠানের ঠিকানাঃ ------------------------------------------------------------

৩। অফিসঃ ------------------------------------------------------------

৪। ব্যবসাস্থানঃ ------------------------------------------------------------

৫। ঔষধ প্রশাসন প্রদত্ত ড্রাগ লাইসেন্স নংঃ------------------------------------------------

৬। খুচরা বিক্রয়ের জন্য মাদকদ্রব্যসমূহের বিবরণ ও অনুমোদিত পরিমাণ (বাণিজ্যিক নাম, বৈজ্ঞানিক নাম ও রেসিপি সহ)ঃ ------------------------------------------------------------

------------------------------------------------------------

৬। উপযুক্ত ফার্মাসিস্টের নাম ও রেজিস্ট্রেশন নংঃ------------------------------------------------

------------------------------------------------------------

শর্তাবলীঃ

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ১৫ জুনের মধ্যে ------------- টাকা লাইসেন্স ফি অগ্রিম পরিশোধ করিতে হইবে ।

২। এই লাইসেন্স ১লা জুলাই হইতে ৩০শে জুন কিংবা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে ।

৩। এই লাইসেন্স মহাপরিচালকের অনুমোদন ব্যতীত হস্তান্তর/স্থানান্তর যোগ্য নহে ।

৪। এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে মাদকদ্রব্য মজুত ও বিক্রয় করা যাইবে না ।

৫। লাইসেন্স প্রাপ্ত উৎপাদক কিংবা পাইকারী বিক্রেতা ব্যতীত অন্য কাহারো নিকট হইতে এই লাইসেন্সের অধীন মাদকদ্রব্য ক্রয় করা যাইবে না ।

৬। এই লাইসেন্সে বর্ণিত মাদকদ্রব্য ব্যতীত অন্য কোন মাদকদ্রব্য ক্রয়, মজুত ও বিক্রয় করা যাইবে না ।

৭। কেবলমাত্র লাইসেন্সে বর্ণিত পরিমাণ মাদকদ্রব্যই মজুত ও বিক্রয় করা যাইবে ।

৮। এই লাইসেন্সে উল্লিখিত ফার্মাসিস্ট ব্যতীত অন্য কোন ব্যক্তি মাদকদ্রব্য বিক্রয়ের কাজ করিতে পারিবে না।

৯। কোন কারণে ফার্মাসিস্টের পরিবর্তন করিতে চাহিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করিতে হইবে।

১০। এই লাইসেন্সের অধীন মজুতকৃত মাদকদ্রব্যের চুরি যাওয়া, বেহাত হওয়া কিংবা অপব্যবহার হওয়ার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামুলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১। উপযুক্ত চিকিৎসকের ব্যবস্থাপত্রের অধীন কোন রোগী বা তাহার প্রতিনিধির নিকট ব্যতীত অন্য কাহারো নিকট এই লাইসেন্সের অধীন কোন মাদকদ্রব্য বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না।

১২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে কোন ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে দিনে বা রাত্রে যে কোন সময় এই লাইসেন্স, উহার আওতাভুক্ত প্রেমিজ, স্থাপনা, মজুত মাদকদ্রব্য রেজিস্টার, হিসাবের খাতাপত্র, ক্যাশমেমো, ব্যবস্থাপত্র ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করার কাজে লাইসেন্সধারী সকল প্রকার সহযোগিতা করিবেন।

১৩। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত মাদকদ্রব্যসমূহের যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

১৪। কোন ব্যক্তির নিকট ব্যবস্থাপত্রে বর্ণিত পরিমাণের অধিক মাদকদ্রব্য বিক্রয় করা যাইবে না।

১৫। উপযুক্ত চিকিৎসকের ব্যবস্থাপত্রে প্রদত্ত নির্দেশ ব্যতীত একবারের বেশি কোন ব্যবস্থাপত্রের বিপরীতে মাদকদ্রব্য বিক্রয় করা যাইবে না।

১৬। সকল ব্যবস্থাপত্রের কপি লাইসেন্সধারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

১৭। এই লাইসেন্সের কোন শর্ত ভংগ করা হইলে কিংবা ইহার সহিত সংশ্লিষ্ট কোন আইন বা বিধির বিধান লংঘন করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, প্রত্যাহার বা সাময়িকভাবে স্থগিতকরণসহ অন্য যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। এই জন্য একমাত্র বিভাগীয় আপীল ব্যতিত অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা কিংবা আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

প্রদানকারী কর্তৃপক্ষের
স্বাক্ষর ও পদবী

বিঃ দ্রঃ— এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সী উহার শর্তাবলী সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী কর্মকর্তার অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর ইত্যাদি না থাকিলে উহা বৈধ বলিয় গণ্য হইবে না।